# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৫২৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫২৪]

পর্ব-৬: সালাতের সময়সীমা (كتاب المواقيت)

পরিচ্ছেদঃ ১৫: মাগরিবের শেষ সময়

آخر وقت المغرب

---

আরবী

خْبَرَنَا عَبْدَةُ بْنُ عَبْدِ اللَّهِ، وَأَحْمَدُ بْنُ سُلَيْمَانَ، وَاللَّفْظُ لَهُ، قَالَا: حَدَّثَنَا أَبُو دَاوُدَ، عَنْ بَدْرِ بْنِ عُثْمَانَ، قال: إِمْلَاءً عَلَيَّ، حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي مُوسَى، عَنْ أَبِيهِ، قال: أَتَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سَائِلٌ يَسْأَلُهُ عَنْ مَوَاقِيتِ الصَّلَاةِ، فَلَمْ يَرُدَّ عَلَيْهِ شَيْئًا، فَأَمَرَ بِلَالًا فَأَقَامَ بِالْفَجْرِ حِينَ انْشَقَّ، ثُمَّ أَمَرَهُ فَأَقَامَ بِالظُّهْرِ حِينَ زَالَتِ الشَّمْسُ، وَالْقَائِلُ يَقُولُ: انْتَصَفَ النَّهَارُ وَهُوَ أَعْلَمُ، ثُمَّ أَمَرَهُ فَأَقَامَ بِالْعَصْرِ وَالشَّمْسُ مُرْتَفِعَةٌ، ثُمَّ أَمَرَهُ فَأَقَامَ بِالْمَغْرِبِ حِينَ غَرَبَتِ الشَّمْسُ، ثُمَّ أَمَرَهُ فَأَقَامَ بِالْعِشَاءِ حِينَ غَابَ الشَّفَقُ، ثُمَّ أَخَّرَ الْفَجْرَ مِنَ الْغَدِ حِينَ انْصَرَفَ، وَالْقَائِلُ يَقُولُ: طَلَعَتِ الشَّمْسُ، ثُمَّ أَخَّرَ الظُّهْرَ إِلَى قَرِيبٍ مِنْ وَقْتِ الْعَصْرِ بِالْأَمْسِ، ثُمَّ أَخَّرَ الْعَصْرَ حَتَّى انْصَرَفَ، وَالْقَائِلُ يَقُولُ: احْمَرَّتِ الشَّمْسُ، ثُمَّ أَخَّرَ الْمَغْرِبَ حَتَّى كَانَ عِنْدَ سُقُوطِ الشَّفَقِ، ثُمَّ أَخَّرَ الْعِشَاءَ إِلَى ثُلُثِ اللَّيْلِ، ثُمَّ قَالَ: الْوَقْتُ فِيمَا بَيْنَ هَذَيْنِ .

تخریج دارالدعوہ: صحیح مسلم/المساجد ۳۱ (۶۱۴)، سنن ابی داود/الصلاة ۲ (۳۹۵)، وقد أخرجہ: (تحفة الأشراف: ۹۱۳۷)، مسند احمد ۴/۴۱۶، ۵/۳۴۹ (صحیح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 524 ـ صحيح

বাংলা

৫২৩. 'আবদাহ্ ইবনু আবদুল্লাহ ও আহমাদ ইবনু সুলায়মান (রহ.) ..... আবূ মূসা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন,

এক ব্যক্তি নবী (সা.)-এর কাছে এসে সালাতের ওয়াক্ত সম্পর্কে প্রশ্ন করল। তিনি কোন উত্তর না দিয়ে বিলাল (রাঃ)-কে সালাতের প্রস্তুতির জন্যে আদেশ করলেন। ফজর হলে বিলাল (রাঃ) ফজরের ইকামত বললেন। যখন সূর্য ঢলে পড়ল তখন তিনি বিলালকে নির্দেশ দিলেন এবং তিনি যুহরের ইকামত বললেন। কেউ বলত (এ মাত্র) দ্বিপ্রহর হয়েছে অথচ তিনি অবগত ছিলেন। পুনরায় আদেশ করলেন, অতঃপর সূর্য ঊর্ধাকাশে থাকতেই আসরের ইকামত বললেন, পুনরায় আদেশ করলেন এবং সূর্য অস্ত যাওয়ার পরেই মাগরিবের ইকামত বললেন, তারপর লালিমা অদৃশ্য হয়ে যাওয়ার পরে ’ইশার সালাতের ইকামত বললেন। পরের দিন ফজরের সালাত এত বিলম্বে আদায় করলেন যে, সালাত শেষে প্রত্যাবর্তনের সময় কেউ (সন্দেহ করে) বললেন, সূর্যোদয় হয়ে গেছে পরে যুহরের সালাতকে এত বিলম্বে আদায় করলেন যে, গতকালের ’আসরের নিকটবর্তী হয়ে গিয়েছিল। আসরের সালাতকে এত বিলম্বে আদায় করলেন যে, প্রত্যাবর্তনের সময় (সন্দিহান হয়ে) কেউ বললেন, সূর্য রক্তিম বর্ণ হয়ে গেছে। পুনরায় মাগরিবের সালাতকে এত বিলম্বে আদায় করলেন যে, লালিমা অদৃশ্য হওয়ার উপক্রম হয়ে গিয়েছিল। তিনি ’ইশার সালাতকে রাতের এক-তৃতীয়াংশ পর্যন্ত দেরীতে আদায় করলেন। তারপর বললেন, এ দু দিনের দু’ ধরনের ওয়াক্তের মাঝখানেই সালাতের ওয়াক্ত।

## English

15. The End Of The Time For Maghrib

Abu Bakr bin Abi Musa narrated that his father said: A man came to the Prophet (ﷺ) asking him about the times of prayer, and he did not answer him. He told Bilal to say the Iqamah at dawn broke, then he told him to say the Iqamah for Zuhr when the sun had passed its zenith and a person would say: 'It is the middle of the day,' but he (the Prophet (ﷺ)) knew better. Then he told him to say the Iqamah for 'Asr when the sun was still high. Then he told him to say the Iqamah for Maghrib when the sun had set. Then he told him to say the Iqamah for 'Isha' when the twilight had dissapeared. Then the next day he told him to say the Iqamah for Fajr, at a time such that when after he had finished one would say: 'The sun has risen.' Then he delayed Zuhr until it was nearly the time of 'Asr compared to the day before. Then he delayed 'Asr, to a time such that when he finished one would say: 'The su has turned red.' Then he delayed Maghrib until the twilight was about to disappear. Then he delayed 'Isha' until one-third of the night had passed. Then he said: 'The time (for prayer) is between these times.'

## ফুটনোট

সহীহ: মুসলিম ৬১৪, আবূ দাউদ ৩৯৫, সহীহ আবূ দাউদ ৪২১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ মূসা আল- আশ'আরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86796

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন